

*Total number of printed pages – 4*

**63 (FY)SEM-3/MAJ/BENMAJ2024**

**2025**

**BENGALI**

Paper : BENMAJ2024

***(Old and Medieval Bengali Text)***

*Full Marks : 70*

*Pass Marks : 28*

Time : Three hours

***The figures in the margin indicate  
full marks for the questions.***

১। নিম্নলিখিত প্রশ্নগুলির শুদ্ধ উত্তর বেছে নিয়ে লেখো :

১×৬=৬

(ক) 'জলদ নিন্দিত কেশভার' – 'জলদ' শব্দের অর্থ কী?

(i) জল

(ii) মেঘ

(iii) বাতাস

(iv) আকাশ

(খ) ধর্মশীল মিতা তার \_\_\_\_\_ নাম। (শূন্যস্থান পূর্ণ করো)

- (i) চাঁদসদাগর
- (ii) সায়বেনে
- (iii) চন্দ্রকেতু
- (iv) চন্দ্রচূড়

(গ) চণ্ডীদাসের ভাব শিষ্য কে?

- (i) বিদ্যাপতি
- (ii) গোবিন্দদাস
- (iii) বলরামদাস
- (iv) জ্ঞানদাস

(ঘ) 'সই কেবা শুনাইল শ্যাম নাম' – এই বিখ্যাত পদটির রচয়িতার নাম কী?

- (i) বিদ্যাপতি
- (ii) গোবিন্দদাস
- (iii) বলরামদাস
- (iv) চণ্ডীদাস

(ঙ) রত্নাকরের পিতার নাম কী?

- (i) কপিল মুনি
- (ii) জহু মুনি
- (iii) চব্বন মুনি
- (iv) নারদ মুনি

(চ) আদি পুরুষ নিরঞ্জনের কন্যার নাম কী?

- (i) সুমিত্রা
- (ii) কন্দিনী
- (iii) ইন্দুমতী
- (iv) কৈকেয়ী

২। অতি সংক্ষিপ্ত উত্তর দাও : (যে-কোনো পাঁচটি)  $২ \times ৫ = ১০$

(ক) চাঁদসদাগরের নৌকা ডোবাতে যে দুটি মেঘ এসেছিল তাদের নাম লেখো।

(খ) দেবসভায় বেহলা-লখিন্দরের নাম কী ছিল?

(গ) বেহলার পিতা-মাতার নাম লেখো।

(ঘ) ষড় গোস্বামীদের মধ্যে থেকে যে-কোনো দুজনের নাম লেখো।

(ঙ) বিদ্যাপতির রাজপ্রশস্তিমূলক দুটি গ্রন্থের নাম কী?

(চ) সগর রাজার কত হাজার পুত্র ছিল? কোন মুনির অভিশাপে তাদের মৃত্যু হয়?

(ছ) বিশ্ববারের দুই পুত্রের নাম কী?

৩। নিম্নলিখিত প্রশ্নগুলির সংক্ষিপ্ত উত্তর দাও : (যে-কোনো ছয়টি)  
 $৫ \times ৬ = ৩০$

(ক) সনকা চরিত্রটি আলোচনা করো।

(খ) 'কলার মান্দাস ভাসে গাঙ্গুড়ের জলে।  
বেহলা ভাসিয়া যায় কাস্ত লৈয়া কোলে।'

– ব্যাখ্যা করো।

(গ) কালীদহে মনসা কর্তৃক চাঁদসদাগরের সপ্তডিঙা ডোবানোর দৃশ্যটি বর্ণনা করো।

- (ঘ) রূপ লাগি আঁখি বুঝে গুণে মন ভোর।  
প্রতি অঙ্গ লাগি কান্দে প্রতি অঙ্গ মোর।।

— ব্যাখ্যা করো।

- (ঙ) সপ্রসঙ্গ ব্যাখ্যা করো —

মন্দির বাহির কঠিন কপাট

চলইতে শঙ্কিল পঙ্কিল বাট।।

তঁহি অতি দরদর বাদর দোল।

বারি কি বারই নীল নিচোল।

- (চ) সুমিত্রা ও দশরথের বিবাহ বৃত্তান্ত সংক্ষেপে আলোচনা করো।

- (ছ) সগর রাজার অশ্বমেধ যজ্ঞের ফলস্বরূপ তাঁর বংশনাশের বিবরণ লেখো।

- (জ) টীকা লেখো :- মাক্কাতার উপাখ্যান

- (ঝ) গঙ্গার মাহাত্ম্য বর্ণনা করো।

৪। যে-কোনো দুটি প্রশ্নের উত্তর লেখো :  $12 \times 2 = 24$

- (ক) কেতকাদাস ক্ষেমানন্দের 'মনসামঙ্গল' কাব্যে প্রতিফলিত চাঁদসদাগরের বলিষ্ঠ চরিত্রটি সবিস্তারে আলোচনা করো।

- (খ) পূর্বরাগের সংজ্ঞা ও শ্রেণি বিভাগ করে এই পর্যায়ের শ্রেষ্ঠ পদকর্তার কৃতিত্ব আলোচনা করো।

- (গ) ভগীরথের মর্তে গঙ্গা অনয়ন প্রসঙ্গটি বিশদভাবে আলোচনা করো।

- (ঘ) কৃষ্ণিবাসী রামায়ণের আদি কাণ্ড অবলম্বনে বাঙালির সমাজ জীবনের পরিচয় দাও।